

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭১২.২৩.০০২.১৬-৫০

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

প্রাপক:
.....
.....
(স্বাধীনতাপুরস্কারপ্রাপ্ত)

বিষয়ঃ “স্বাধীনতা পুরস্কার-২০২১” এর মনোনয়ন প্রস্তাব আহ্বান।

মহোদয়,

স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, বিজ্ঞান ও প্রযুক্তি, শিক্ষা, সাহিত্যসহ মোট ১৩ (তের)টি ক্ষেত্রে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, গোষ্ঠি এবং সংস্থার গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ১৯৭৭ সাল থেকে সরকার স্বাধীনতা পুরস্কার প্রদান করে আসছে। এ প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ “স্বাধীনতা পুরস্কার-২০২১” এর মনোনয়ন প্রস্তাব আহ্বান করছে।

- ২। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং ইত:পূর্বে স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত সুধীজন এর নিকট হতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ‘স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি’ অনুসরণে নির্ধারিত ছকে “স্বাধীনতা পুরস্কার” এর জন্য মনোনয়ন প্রস্তাব আহ্বান করা হয়ে থাকে।
- ৩। স্বাধীনতা পুরস্কার-২০২১-এর জন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান, গোষ্ঠি এবং সংস্থার বিষয়ে তঁর মনোনয়ন প্রস্তাব এতদসংক্রান্ত নির্দেশাবলি (কপিসংযুক্ত) অনুসরণপূর্বক নির্ধারিত ছকে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সংশ্লিষ্ট কাগজপত্রসহ মনোনয়ন প্রস্তাবের ৩০(ত্রিশ) সেট আগামী ৩০ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে (সিনিয়র সহকারী সচিব, প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা, কক্ষ নং-১১/১, ভবন-১, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনয়ন প্রস্তাবের সফটকপি Nikosh ফটে এই-মেইলে (zakir.admn@gmail.com) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

উল্লেখ্য স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট(www.cabinet.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।

সংযুক্তি: স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি।

আপনার বিশ্বস্ত

মোঃ কামাল হোসেন

সচিব

সমন্বয় ও সংস্কার

ফোনঃ+৮৮-০২-৯৫১৩৪৩৩

E-mail: secy_cnr@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭১২.২৩.০০২.১৬-৫০

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।